

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ফেব্রুয়ারি ১৩, ২০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
রাজনৈতিক শাখা-৪

আদেশ

তারিখ, ১৩ ফেব্রুয়ারি ২০০১ইং/১ ফাল্গুন ১৪০৭বাং

এস.আর.ও নং ৪০-আইন/২০০১ইং বিবিধ-৩/২০০০ (রাজ-৪)—যেহেতু সরকার জাতীয় সংসদ এর শূন্য আসন-১০৫, সাতক্ষীরা-১, নির্বাচনী এলাকায় আগামী ২৮-২-২০০১ইং তারিখে অনুষ্ঠিতব্য উপ-নির্বাচনের সময় উক্ত নির্বাচনী এলাকায় ভোটকেন্দ্রসমূহে শান্তি-শৃংখলা বজায় রাখার লক্ষ্যে লাইসেন্সধারী অস্ত্র মালিকদের উক্ত নির্বাচনী এলাকায় অস্ত্রসহ চলাফেরা করার উপর জনস্বার্থে নিষেধাজ্ঞা আরোপ করা সমীচীন বলিয়া মনে করে :

সেহেতু সরকার Arms Act, 1878 (XI of 1878) এর section 17A এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে, জনস্বার্থে, আগামী ২৬-২-২০০১ইং তারিখ দিবাগত মধ্যরাত হইতে ২৯-২-২০০১ইং তারিখ রাত ২৩.৫৯ ঘটিকা পর্যন্ত লাইসেন্সধারী সকল অস্ত্র মালিকদের উক্ত নির্বাচনী এলাকায় অস্ত্রসহ চলাফেরা করার উপর নিষেধাজ্ঞা আরোপ করিল। যাহারা এই আদেশ লংঘন করিবেন তাহাদের বিরুদ্ধে উক্ত section 17A এর sub-section (2) তে বর্ণিত ব্যবস্থা গ্রহণ করা হইবে।

২। এই আদেশ নিম্নবর্ণিত ব্যক্তিদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না, যথা :-

- (ক) নির্বাচনে আইন-শৃংখলা রক্ষার সহিত সম্পৃক্ত শৃংখলা বাহিনীর সকল সদস্য ;
- (খ) বিভিন্ন সরকারী, আধা-সরকারী এবং বেসরকারী দপ্তর, প্রতিষ্ঠান ও স্থাপনাসমূহে নিয়োজিত সকল নিরাপত্তা প্রহরী।

ব্যাখ্যা : এই আদেশ "শৃংখলা বাহিনী" অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান এর অনুচ্ছেদ ১৫২ তে সংজ্ঞায়িত শৃংখলা বাহিনী।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ মতিউর রহমান  
উপ-সচিব (রাজনৈতিক)।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

( ৪২৩ )

মূল্য : টাকা ১.০০